

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৪(৩)শুক্র:রপ্তানী ও বন্ড/২০০০/

তারিখ: ৩১.০৮.২০০৫ ইং

বিষয়: এস, আর ও নং-২৩৭-আইন/২০০৩/২০১৫/কাস, ০২.০৮.২০০৩ প্রেক্ষিতে ইজিজেডের ভিতরে স্থাপিত কমিসারিয়েটে পরিচালনা প্রসঙ্গে।

সূত্র: (১) কাস্টমস বন্ড কমিশনারেটের পত্র নং-৫(১৩)১৪৬/বন্ড কমি(সদর)ইপিজেড/পলিসি/২০০৪/১১৪১৯৭ তারিখ: ২৩.০৬.০৫ইং
(২) বেপজার পত্র নং-আপিগিজি-৬৪/৫২০, তারিখ: ২৬.০৬.২০০৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, উল্লেখিত সূত্রের পত্র দুটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে দেখা যায় যে, প্রজ্ঞাপন নং-১০৪/২০০০/শুক্র, তারিখ ১৭.০৭.২০০০ ইং এর মাধ্যমে ইপিজেডস্থ প্রতিষ্ঠানের বিদেশী বিনিয়োগকারী/কর্মচারীদের বিশেষ সুবিধা (অনধিক ১৫% হার শুক্র পরিশোধ করে) প্রদান করা হয়েছে যা এস, আর,ও,২৩৭-আইন/২০০৩/২০১৫/কাস, তারিখ: ০২.০৮.২০০৩ইং- এর বর্ণিত Privileged Person- দের শুক্রমুক্তভাবে পণ্য ভোগের যে সুবিধা দেয়া হয়েছে তার সাথে সম্পর্কিত নয়।

০২। উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের অফিস স্মারক নং-২(৯)শুক্র-৪/৯৫/৩৭৬-৩৮৬ তারিখ: ৩০.০৩.২০০০ ইং এর (৩) নং অনুচ্ছেদে ইপিজেডস্থ প্রতিষ্ঠানের বিদেশী বিনিয়োগকারী/ কর্মচারীদের এ সকল পণ্যের এ সকল পণ্যের প্রাপ্যতাসীমা এস,আর,ও ৮৯-আইন/৮৫/৯০৭/কাস, তারিখ: ১৩.০২.১৯৮৫ এর বিধান অনুসারে নির্ধারিত হবে মর্মে বিনির্দেশ জারী করা হয়েছিল। তাই, বার্ষিক প্রাপ্যতার বিষয়টি রহিতকৃত এস, আর, ও, ৮৯-আইন/৮৫/৯০৭/কাস, তারিখ: ১৩.০২.১৯৮৫ এর পরিবর্তে বিদ্যমান এস, আর, ও, ২৩৭-আইন/২০০৩/২০১৫/কাস,তারিখ: ০২.০৮.২০০৩ইং এর আলোকে ব্যবস্থিত হবে।

০৩। তাই বেপজা কমিসারিয়েট-এর কার্যক্রম অর্থাৎ পাসবই ইস্যু, নবায়ন ইত্যাদি কার্যক্রম পরিচালনার জন্য এস,আর,ও ২৩৭-আইন/২০০৩/২০১৫/কাস তারিখ: ০২.০৮.২০০৩ইং এর মাধ্যমে কোন বাধা নিষেদ আরোপিত হয়নি। বেপজা কমিসারিয়েট কার্যক্রম যথানিয়মে প্রজ্ঞাপন নং-১০৪/২০০০/শুক্র, তারিখ: ১৭.০৭.২০০০ অনুসারে পরিচালিত হবে।

প্রাপক: কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(সৈয়দ মুসফিকুর রহমান)
দ্বিতীয় সচিব(শুক্রঃরপ্তানী ও বন্ড)